গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.১০৩৮

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮
০৬ অক্টোবর ২০২১

বিষয়: **মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ৩৬০০ মে.টন ঢালা গমের চলাচল উপসূচি**

সূত্র: ১। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৬/১০/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.১০৩৪ নং স্মারক
২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো এর ৩০/০৫/২০২০ খ্রি. তারিখের ১৩.১০.০০০০.০০৭.৫০.২৮১.০৩.৭৪.১৪৯১ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৩/১২/২০১৮ খ্রি. তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে নৌপথে সুষ্ঠুভাবে খাদ্যশস্য পরিবহণ সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সভার সিদ্ধান্ত মোতাবেক এবং **"খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮"** এর ৪.১৮, ৭.১ (ক) ও ৭.১ (খ) অনুচ্ছেদ মোতাবেক মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ঢালা গমের রুট না থাকায় চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোর সর্বনিম্ন দরে ৮৯৪.৫০ টাকা প্রতি মে. টনে (ডিবিসিসি খুলনা-বরিশাল ঠিকাদারগণের মাধ্যমে) মোংলা সাইলো হতে ওয়ারেন্টি অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে নৌপথে ৩৬০০ মে. টন ঢালা গমের চলাচল উপসূচি নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য, সূত্রস্থ ২ নং স্মারকে নারায়ণগঞ্জ সাইলো জেটির উচ্চতা বিবেচনায় ৫০০ মে.টন ধারণ ক্ষমতার কম জাহাজ বা বার্জ হতে গম খালাস করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ মর্মে সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ-এর মতামতের প্রেক্ষিতে ছোট জাহাজসমূহকে সূচি'র বাহিরে রেখে অবশিষ্ট জাহাজসমূহে বোঝাই দেওয়ার জন্য অনুরোধ করা হলো। খুলনা মেজর কেরিয়ার সমিতির সভাপতি জনাব ওয়াহিদুজ্জামান খান পল্টু ও অন্যান্য নেতৃবৃন্দের সাথে আলোচনা মোতাবেক মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ৩৬০০ মে.টন ঢালা গম দ্রুত পরিবহেণর স্বার্থে ডিবিসিসি (খু-ব) রুটের ১ নং লটের কর্মরত নৌ পরিবহণ ঠিকাদারদের মধ্যে উপসূচি জারি এবং পরবর্তীতে মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে উপসূচির ক্ষেত্রে মেজর ক্যারিয়ার, খুলনা ঠিকাদারদের অনুকূলে সমন্বয়ের মাধ্যমে উপসূচি জারির জন্য অনুরোধ করা হয়।

| ক্র.নং | ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম | ঠিকাদারের শ্রেণি ও লট নং | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে. টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | মে/এমডি আব্দুল গাফফার | **ডিবিসিসি (খু-ব), লট নং ১** | মোংলা সাইলো | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সাইলো | ৬০০ | ঢালা গম | নৌ | |
| ২. | মে/জনি রনি গুড লিংক | ঐ | ঐ | ঐ | ঐ | ৬০০ | ঐ | ঐ | |
| ৩. | মে/জোবায়ের এন্টারপ্রাইজ | ঐ | ঐ | ঐ | ঐ | ৬০০ | ঐ | ঐ | |
| ৪. | মে/সোনারগাঁও শিপিং লাইন্স | ঐ | ঐ | ঐ | ঐ | ৬০০ | ঐ | ঐ | |
| ৫. | মে/টি. হক এন্ড কোং লিঃ | ঐ | ঐ | ঐ | ঐ | ৬০০ | ঐ | ঐ | |
| ৬. | মে/এস. এম. আকবর হোসেন | ঐ | ঐ | ঐ | ঐ | ৬০০ | ঐ | ঐ | |
| | | | | | মোট = | ৩৬০০ | | | |

**নির্দেশনা:**

১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এবং সাইলো অধীক্ষক, মোংলা, বোঝাইয়ের পূর্বে সরেজমিনে নিরীক্ষণ করে জাহাজ/কোস্টারের ঢালা গম পরিবহণের উপযোগী কিনা যাচাই করবেন এবং সার্ভে সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট, সার্টিফিকেটের মূল/সত্যায়িত কপি ও অন্যান্য

তথ্যাদির সঠিকতা নিরীক্ষণপূর্বক চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;

২। ওজনের তারতম্য পরিহারের জন্য প্রেরণ কেন্দ্র কর্তৃক একটি কমিটি গঠন করে প্রেরণ কার্যক্রম তদারকী করবেন এবং ঠিকাদারের জাহাজে গম বোঝাইয়ের পর এয়ার টাইট সীল করে জাহাজ নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণ করবেন। পক্ষান্তরে নারায়ণগঞ্জ সাইলো একটি কমিটি গঠন করে এয়ার টাইট সীলের সঠিকতা নিশ্চিত হয়ে কমিটির তদারকিতে খালাস কার্যক্রম গ্রহণ করবেন। স্কেল সংক্রান্ত জটিলতাসহ কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (সাইলো সুপারগণ) তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৩। প্রেরণ ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক গম পরিবহণ, বোঝাই ও খালাস সংক্রান্ত কমিটির কার্যক্রম তদারক করবেন;

৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

৫। প্রতি বার্জ/নৌযানে প্রেরিত গমের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে আখানি/জেখানি/ সাইলো অধীক্ষক/ চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না;

৭। ভি-ইনভয়েসে ঢালা গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী গম বুঝে পাওয়ার পরে সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী প্রাপক কেন্দ্র হতে ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

১০। আগামী ১০/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে এই সূচি বাস্তবায়ন করতে হবে ;

১১। প্রেরণ কেন্দ্রের সাইলো অধীক্ষক প্রতি সপ্তাহে প্রেরিত পরিমাণ গমের পর্যবেক্ষণ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার গম পরিবহণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

৬-১০-২০২১
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর,
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

২) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট

৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.১০৩৮/১(১১)

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮
০৬ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
৬) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ................................
৯) খুলনা মেজর কেরিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি(খাদ্য), ঠিকানা : ৬৯ লোয়ার যশোর রোড, খুলনা
১০) মেসার্স ......................................................, ডিবিসিসি (খু-ব), নৌ পরিবহণ ঠিকাদার
১১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর



৬-১০-২০২১
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক